দৈনিক বাংলা

তারিখ 14 MAY 1987
পৃষ্ঠা 1 কলাম ৮

৩০ শে বৈশাখ : ১৩৯৪

16

# বিএ পরীক্ষার ফল : পাসের হার ৪৯

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৮৬ সালের বিএ পাস পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৪৯ দশমিক ৫৯।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৬ সালে বিএ পাস পরীক্ষায় সর্বমোট ২৮ হাজার একশ ৮৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এরমধ্যে ১৬৩টি কলেজ থেকে ২১ হাজার দুশো ৫৯ জন এবং বহিরাগত পরীক্ষার্থী ৬ হাজার ৯শ ৩০ জন।

বিএ পাস পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ১৩ হাজার ৯

শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ

## বিএ পরীক্ষার ফল

(১-এর পৃঃ পর)

শ ৮৯ জন। এরমধ্যে ৯ জন প্রথম বিভাগ, ৪ হাজার দুশ ১৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৯ হাজার ৭ শ ৫০ জন তৃতীয় বিভাগ লাভ করেন। বিএ পাস পরীক্ষায় ৫ জন ছাত্রছাত্রী পাস পেয়েছে।

বিএ পাস পরীক্ষায় প্রথম বিভাগ লাভ করেছে ঢাকা লালমাটিয়া সরকারী মহিলা কলেজ থেকে ৩ জন, ঢাকা সিটি কলেজ থেকে একজন, ঢাকা নিউ মডেল ডিগ্রী কলেজ থেকে একজন, গফরগাঁও সরকারী কলেজ থেকে ২ জন, মাদারীপুর সরকারী নাজিমউদ্দীন কলেজ থেকে একজন এবং বহিরাগত পরীক্ষার্থীদের মধ্য থেকে একজন পরীক্ষার্থী।

এ বছর বিএ পাস পরীক্ষায় ঢাকা মহানগরীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজে পাসের হার সর্বাধিক। এ কলেজের মোট ৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২৪ জন দ্বিতীয় বিভাগ এবং ২৭ জন তৃতীয় বিভাগ লাভ করেন। পাসের হার শতকরা ৮৭ দশমিক ৯। এর পরেই রয়েছে জামালপুর সরকারী আশেক মাহমুদ কলেজ। পাসের হার শতকরা ৮৪ দশমিক ৫। এ বছর সবচেয়ে খারাপ করেছে মুলাদী কলেজের ছাত্রছাত্রীরা। এ কলেজের ৩১ জন ছাত্রছাত্রীর মধ্যে মাত্র ২ জন পরীক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন। পাসের হার ৬ দশমিক ৪।

বিএ পাস পরীক্ষায় ঢাকা মহানগরীর কলেজগুলোর মধ্যে লালমাটিয়া সরকারী মহিলা কলেজে পাসের হার ৭৬ দশমিক ৬, ঢাকা কলেজের পাসের হার ৬৮, সরকারী তিতুমীর কলেজে পাসের হার ৪৬ দশমিক ৩, কবি নজরুল সরকারী কলেজের পাসের হার ৬৩ দশমিক ৪, ইডেন মহিলা কলেজ পাসের হার শতকরা ৬৮, আদমজী ক্যান্টনমেন্ট কলেজ ৫৯ দশমিক ৬ ভাগ, নটরডেম কলেজ ৪৯ ভাগ এবং সেন্ট্রাল উইমেন্স কলেজের পাসের হার ৫৫ দশমিক ৫।

এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের সাবসিডিয়ারী পরীক্ষা, বি মিউজিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।